দৈনিক জনকণ্ঠ

তারিখ MAY 31 1999
পৃষ্ঠা ২ কলাম ৫

১৩৭

# চট্টগ্রাম ভার্সিটির ক্লাস কাল শুরু

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ দীর্ঘ ১৫ দিন বন্ধ থাকার পর আগামীকাল মঙ্গলবার থেকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ক্লাসসমূহ পুনরায় শুরু হচ্ছে। রবিবার বিকালে বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের এক জরুরী সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। এদিকে লিয়াজোঁ কমিটি এবং বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের সাথে আলোচনার ভিত্তিতে রবিবার থেকে শিবির আহূত লাগাতার অবরোধ কর্মসূচী প্রত্যাহার করা হয়েছে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আব্দুল মান্নানের সভাপতিত্বে অনুষ্ঠিত জরুরী সিন্ডিকেটসভায় বিশ্ববিদ্যালয়ের সঠিক পরিস্থিতি পর্যালোচনা করা হয়। সভায় লিয়াজোঁ কমিটি ছাত্র সংগঠনসমূহের সাথে আলাপ-আলোচনার ভিত্তিতে রিপোর্ট পেশ করেছে। অপরদিকে গত ১৫ মে সংঘটিত ঘটনার তদন্তে গঠিত তদন্ত কমিটি আরও ১৫ দিনের সময় চেয়েছে। আজ সোমবার তদন্ত কমিটির রিপোর্ট পেশের কথা ছিল। উল্লেখ্য, গত ১৫ মে বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগ-শিবির রক্তক্ষয়ী সংঘর্ষ এবং এক শিবির নেতা নিহত হওয়ার পর চরম উত্তেজনাকর পরিস্থিতিতে দু'দফায় ৩১ মে পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের সকল ক্লাস ও পরীক্ষাসমূহ স্থগিত করা হয়েছিল। একই সাথে পাঁচ দফা দাবি আদায়ে শিবির গত ২০ মে থেকে বিশ্ববিদ্যালয় লাগাতার অবরোধের ডাক দেয়।